



চট্টগ্রাম কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন

CHATTOGRAM CUSTOMS AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আছাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম-৪১০০

প্রচার পত্র নং-১০/২০২৬

তারিখঃ ২৩/০২/২০২৬ খ্রি।

সম্মানিত সদস্যবৃন্দের প্রতি,

পরিচালক (ট্রাফিক) এর দপ্তর, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম এর জারীকৃত বিজ্ঞপ্তি নং-০১/২০২৬, তারিখঃ ২২/০২/২০২৬ খ্রি. সম্মানিত সদস্যবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হলো।

দেবশীষ চৌধুরী
সহকারী সচিব

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

পরিচালক (ট্রাফিক) এর দপ্তর

বিজ্ঞপ্তি নং- ০১/২০২৬

তারিখ: ২২/০২/২০২৬ খ্রি:

বিষয় : চট্টগ্রাম বন্দর অভ্যন্তরে ও ঢাকাছ কমলাপুর আইসিডিতে স্থিত আমদানিকৃত এফসিএল কন্টেইনারের (খালি কন্টেইনার ব্যতীত) উপর আরোপিত ০৪ (চার) গুণ হারে স্টোরেন্ট আদায় সাময়িকভাবে স্থগিতকরণ প্রসঙ্গে।

সূত্র: চবক বোর্ড সিদ্ধান্ত নং: ১৯৮৫৪; তারিখ: ০৫/০২/২০২৬ খ্রি:।

এতদ্বারা সূত্রোক্ত চবক বোর্ড সিদ্ধান্তের অনুবৃত্তিক্রমে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, চট্টগ্রাম বন্দর ও ঢাকাছ কমলাপুর আইসিডিতে স্থিত আমদানিকৃত এফসিএল কন্টেইনারের (খালি কন্টেইনার ব্যতীত) উপর আরোপিত ০৪ (চার) গুণ হারে স্টোরেন্ট আদায়ের স্থগিতাদেশের মেয়াদ আগামী ২৮/০২/২০২৬ খ্রি: তারিখে উত্তীর্ণ হবে বিধায় উক্ত স্থগিতাদেশের মেয়াদ আগামী ৩০/০৪/২০২৬ খ্রি: পর্যন্ত বৃদ্ধি করা হলো।

বন্দর ব্যবহারকারীদের নিরবচ্ছিন্ন সেবা প্রদান ও বন্দরের অপারেশনাল কার্যক্রম গতিশীল রাখার স্বার্থে সংশ্লিষ্ট সকল আমদানিকারকগণকে চট্টগ্রাম বন্দর এবং ঢাকাছ কমলাপুর আইসিডিতে স্থিত এফসিএল কন্টেইনার দ্রুততার সাথে ডেলিভারী গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

বিজ্ঞপ্তিটি যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারী করা হলো।

স্বাঃ/

পরিচালক (ট্রাফিক)

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

নথি নং- ডিটি/ডব্লিউ আর/১৬(২য় খন্ড)/গ-লুজ/৫০২

তারিখ: ২২/০২/২০২৬ খ্রি: